



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর  
www.jessoreboard.gov.bd

অফিস আদেশ

স্মারক নং: কা:শা:/পিএস-৪৫/৭৭/২/১৭৫

তারিখ : ১৪-০৭-২০২২ খ্রি.

যেহেতু, জনাব মো: আব্দুস সালাম, হিসাব সহকারী (সাময়িক বরখাস্তকৃত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর বিরুদ্ধে এসটিডি হিসাব নং ২৩২৩২৪০০০০০২৪ খাতের ভ্যাট, ট্যাক্স বাবদ ইস্যুকৃত ০৯ (নয়) টি চেকের মাধ্যমে (চেক নং-০৫১৬৫২৫, ০৫১৬৬৮২, ০৫১৬৭৮৭, ০৫১৭২৪৩, ০৫১৭২৫৪, ০৫১৮৫৫৫, ০৫১৮৭৫৫, ০৫১৮৭৭৫, ০৫১৯০০৮) ২,৫০,৪৪,০১০/- (দুই কোটি পঞ্চাশ লক্ষ চুয়াল্লিশ হাজার দশ) টাকা দুর্নীতি, চুরি, আত্মসাৎ ও তহবিল তহরুপ বা প্রতারণার মাধ্যমে আত্মসাৎ করার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব মো: আব্দুস সালাম, হিসাব সহকারী (সাময়িক বরখাস্তকৃত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর উক্ত নোটিশের জবাব প্রদান করেন এবং জবাব সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর চাকুরী বিধিমালা ১৯৯৭ এর ৩৫ এর উপবিধি (ঙ)(২)(ক) অনুযায়ী তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্ত বোর্ড গঠন করা হয়;


যেহেতু, তদন্ত বোর্ড কর্তৃক দাখিলকৃত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর চাকুরী বিধিমালা ১৯৯৭ এর ৩৫ এর উপবিধি (ঙ)(২)(ক) অনুযায়ী দুর্নীতি, চুরি, আত্মসাৎ ও তহবিল তহরুপ বা প্রতারণার মাধ্যমে আত্মসাৎ করার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়; এবং

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনে প্রদত্ত মতামতের আলোকে তাঁর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(ঘ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর চাকুরী বিধিমালা ১৯৯৭ এর ৩৫ এর উপবিধি (ঙ)(২)(ক) অনুযায়ী দুর্নীতি, চুরি, আত্মসাৎ ও তহবিল তহরুপ বা প্রতারণার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে তাঁর বিরুদ্ধে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং তাঁকে দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, জনাব মো: আব্দুস সালাম, হিসাব সহকারী (সাময়িক বরখাস্তকৃত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি উপরন্তু তিনি সময় প্রার্থনা করেছেন যা বিধি সম্মত নয়;

সেহেতু, জনাব মো: আব্দুস সালাম, হিসাব সহকারী (সাময়িক বরখাস্তকৃত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪ (৩)(ঘ) এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর-এর চাকুরী বিধিমালা, ১৯৯৭ এর ৩৬ (২)(ছ) বিধি মোতাবেক চাকুরী হতে বরখাস্ত (Dismissal from Service) করা হলো।

২। এ আদেশ পত্র জারির দিন হতে কার্যকর হবে।

  
(প্রফেসর ড. মো: আহসান হাবীব)

চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
যশোর  
ফোন: ০২৪৭৭৭৬২৭০৪

চলমান পাতা ০২

স্মারক নং: কা:শা:/পিএস-৪৫/৭৭/২/১৭৫(১২)

তারিখ : ১৪-০৭-২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো : ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৪। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৫। কলেজ পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৬। বিদ্যালয় পরিদর্শক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। উপ-পরিচালক, হিসাব ও নিরীক্ষা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর (পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৯। হিসাব অফিসার, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১০। সেকশন অফিসার, প্রশাসন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর { জনাব মো: আব্দুস সালাম, হিসাব সহকারী (বরখাস্তকৃত)-এর ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য }।
- ১১। জনাব মো: আব্দুস সালাম, হিসাব সহকারী (বরখাস্তকৃত), মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ১২। অফিস কপি।



চেয়ারম্যান

১৪/৭/২০২২

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড,  
যশোর

ফোন: ০২৪৭৭৭৬২৭০৪